

শিক্ষক সমিতির সাংবাদিক সম্মেলন শিক্ষক কর্মচারীদের দাবি বাস্তবায়নের আহ্বান

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা রিপোর্টার্স ইউনিটি'র রুনে বাংলাদেশ শিক্ষক সমিতির এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক ও কর্মচারীদের বিভিন্ন দাবি তুলে ধরা হয়। সিদ্ধি বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী। তিনি সকল দাবি অবিলম্বে বাস্তবায়নের জন্য সরকারের নিকট জোর দাবি জানান। দাবিদারদের মধ্যে রয়েছে: পিতা ব্যবস্থা জাতীয়করণ ও শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূরীকরণের লক্ষ্যে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদেরও জাতীয় বেতন স্কেল অনুযায়ী নিয়মিত বার্ষিক প্রদর্শি, মেডিক্যাল ভাতা, ব্যক্তিভাতা, উৎসব ভাতা, টাইমস্কেল প্রদান এবং শিক্ষক ও কর্মচারীদের চাকরির মেয়াদ ৬৫ বছরকরণ। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মুক্তিযোদ্ধা শিক্ষক ও কর্মচারীদের ন্যায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মুক্তিযোদ্ধা শিক্ষক ও কর্মচারীদের সবেতনে চাকরির মেয়াদ দুই বছর বৃদ্ধিকরণ, সরকারি বিধি মোতাবেক সীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্তিকরণ ও সরকার প্রতিশ্রুত শিক্ষক ও কর্মচারীদের জন্য হতস্ত্র ও উচ্চতর বেতন স্কেল অবিলম্বে প্রদান।

সম্মেলনে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক বিপকিস জামান, সহ-সভাপতি অধ্যক্ষ সমরেন্দ্র নাথ রায় সমর, মো.আফজাল মির্জা, আব্দুল খাদেক, শামসুল হুদা প্রাথমিক, মিসেস হাদিমা

খাতুন, হাদিনা পারভীন, সুনীল চন্দ্র পাল, শাহনেওয়াজ চন্দন, মো. শাহে আলম, মো. জহিরউদ্দিন, এ কে রিজওয়াজউদ্দিন, মো. মোজাম্মেল হক, আব্দু তাহের, মো. নজিরউদ্দিন, বেগম জামকিরা, মো. সফিকুল আলম, অধ্যাপক বিহার কুমার দেন, মিসেস পারভীন জামান, মো. আব্দুল হামিদ, মিসেস শাহীদা বেগম, এ কে এম বঙ্গপুর রশিদ, মো. জমিদারউদ্দিন জুইয়া, শমুন-অর-রশীদ প্রমুখ।